



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/9/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

মেরিক এবং হফস্ট্রা বিশ্ববিদ্যালয়ে ইহুদি বিরোধী দেওয়াল অঙ্কন নিয়ে গভর্নর কুওমোর বিবৃতি

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ নিম্নলিখিত বিবৃতিটি প্রকাশ করেছেন লং আইল্যান্ডের মেরিকে এক ব্যক্তিগত সম্পত্তিতে এবং হফস্ট্রা বিশ্ববিদ্যালয়ে (Hofstra University) দুইবার ইহুদি বিদ্বেষী গ্রাফিটি স্থাপন করা হয়েছে, এই রিপোর্ট পাওয়ার পরে:

"মেরিক এবং হফস্ট্রা বিশ্ববিদ্যালয়ে এই ঘৃণ্য ঘটনার কথা জানতে পেরে আমি হতভম্ব এবং বিরক্ত। ইহুদি সম্প্রদায় নিউ ইয়র্ক পরিবারের অংশ, এবং আমাদের রাজ্যের ইহুদি বিদ্বেষের প্রতি কোন সহনশীলতা নেই। আমি সেই বাড়ির মালিককে আশ্বস্ত করতে চাই যার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং হফস্ট্রা কমিউনিটিকে যে আমরা অপরাধীদের বিচারের আওতায় আনার জন্য সব কিছু করব, তাই আমি আমাদের হেট ক্রাইম টাস্ক ফোর্সকে (Hate Crimes Task Force) নির্দেশ দিচ্ছি এই সব ঘটনার তদন্তে পুলিশকে সাহায্য করার জন্য। এখন আগের চেয়ে বেশী - এক শতাব্দীর সব চেয়ে খারাপ জনস্বাস্থ্য সংকটের মধ্যে - আমাদের ঐক্যবদ্ধ হতে হবে এবং একে অপরের প্রতি সমর্থন দেখাতে হবে, এবং মনে রাখতে হবে যে ভালোবাসা সব সময় ঘৃণাকে জয় করে।"

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)